

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদর্শ সদর, কুমিল্লা।

স্মারক নং ৪ ০৫.৪২.১৯৬৭.০০০.৩৭.০০৩.১৭- ১৩৩

তারিখ : ৫/১২/২০১৭ খ্রি:।


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যার মে ৬, ২০১৫ তারিখের গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ মূলে আদর্শ সদর উপজেলাধীন ইউনিয়ন পরিষদ সমূহের জন্য অস্থায়ী ভিত্তিতে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগের নিমিত্ত কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	ইউনিয়ন	ওয়ার্ড নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক বেতন
১	দুর্গাপুর (উত্তর)	০১, ০২, ০৩, ০৪, ০৬, ০৭	মহল্লাদার	০৬ টি	৩,০০০/-
২	দুর্গাপুর (দক্ষিণ)	০১, ০২, ০৪, ০৯	মহল্লাদার	০৪ টি	৩,০০০/-
৩	জগন্নাথপুর	০২, ০৪, ০৫, ০৬, ০৮, ০৯	মহল্লাদার	০৬ টি	৩,০০০/-

আবেদনের শর্তাবলী :


- ১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৩। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা : ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ : ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং ওজন : সর্বনিম্ন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা : ৫ ফুট, সর্বনিম্ন বুকের মাপ : ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) এবং ওজন : সর্বনিম্ন ৪৫ কেজি হতে হবে।
- ৪। আবেদনপত্র আগামী ২০/০২/২০১৭ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ডাকযোগে পৌছাতে হবে।
- ৫। নির্ধারিত সময়ের পর আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।
- ৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- ৭। প্রার্থীর বয়স ২০/০২/২০১৭ খ্রি: তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান বা সন্তানের সন্তান এর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৯। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


মোহাম্মদ শামসুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।
ফোন: ০৮১-৬৮৪২৫
মোবাইল: ০১৭৩৩৩৫৪৯৩৫
ইমেইল: unocomillasadar@gmail.com

স্মারক নং ৪ ০৫.৪২.১৯৬৭.০০০.৩৭.০০৩.১৬- ১৩৩/১৩৩৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ২। পুলিশ সুপার, কুমিল্লা।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
- ৪। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা।
- ৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা।
- ৬। অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, কুমিল্লা।
- ৭। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা। তার ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান ও হাটবাজারে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উপরোক্ত ইউনিয়ন পরিষদসমূহ ছাড়াও অন্যান্য ইউনিয়ন পরিষদসমূহ হতে মহল্লাদারের চাহিদাপত্র পাওয়া গেলে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হবে।


উপজেলা নির্বাহী অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।
৫/১২/১৭